

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৫৯

শান্তিরবাজার, ২৮ নভেম্বর, ২০২৩

শান্তিরবাজারে রাজ্যভিত্তিক মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক উৎসব

শান্তিরবাজার মহকুমার পতিছড়িতে একদিনের মুড়াসিং সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়। গতকাল পতিছড়ি মুক্তমঞ্চে রাজ্যভিত্তিক মুড়াসিং সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন করেন ত্রিপুরা স্ব-শাসিত জেলা পরিষদের ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের কার্যনির্বাহী সদস্য সুহেল দেববর্মা। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, এমডিসি দেবজিৎ ত্রিপুরা, এমডিসি পদ্যালোচন ত্রিপুরা, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ। প্রধান অতিথির ভাষণে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, শিক্ষা ও ভাষার বিকাশ ছাড়া কোনও জাতির সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। বর্তমান রাজ্য সরকার ত্রিপুরার প্রত্যেকটি জনজাতি গোষ্ঠীর উন্নয়নে নানা প্রকল্প গ্রহণ করেছে। তিনি বলেন, যুব সমাজ আমাদের ভবিষ্যৎ। তারা যাতে ভুল পথে পা না দেয় সে দিকে সকলের নজর রাখা উচিত। নেশার কবল থেকে যুব সমাজকে ফিরিয়ে আনতে সরকারের সঙ্গে সমাজপতিদেরও এগিয়ে আসার আহ্বান জানান সমবায় মন্ত্রী। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক কমিটির সম্পাদক ভাগ্যচরণ মুড়াসিং। ত্রিপুরা হুদা কাউন্সিলের যুগ্ম সম্পাদক মনোজ দেববর্মা অনুষ্ঠানে বক্তব্য রাখেন। সভাপতিত্ব করেন সুনীল মুড়াসিং। উৎসবে ৯টি সরকারি দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীগণ বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।
